

ঈদের পর খুলবে শাবিপ্রবি

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৫ জুন ২০২২, ১১:০৭



Up to Tk. 25,000 cashback

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় [ছবি: সংগৃহীত]

বন্যা পরিস্থিতির পুরো উন্নতি না হওয়ায় ঈদের পর খুলবে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

ক্যাম্পাসে বন্যার পানি ঢুকে যাওয়ায় গত ১৭ জুন ৮ দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয় সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

রবিবার বিশ্ববিদ্যালয়ের পাঠদান ও পরীক্ষা শুরুর কথা ছিল। তবে বন্যা পরিস্থিতির পুরো উন্নতি না হওয়ায় ঈদের আগে আর খুলছে না শাবিপ্রবি।

ঈদের ছুটির পর পরিস্থিতি স্বাভাবিক হলে ক্লাস ও পরীক্ষা শুরু হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।